গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ীয়া

এবং

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) কার্যক্রমের মাধ্যমে ৬০৫২ জন দরিদ্র মহিলাকেখাদ্য সহায়তা দেয়া হয়েছে । মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ১০৯২ জনকে সহায়তা প্রদান করা হয়েছে। ৩ জন নারীকে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ৮৩৩২ জন নারীকে আত্ম-র্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। সাহায্য প্রার্থী মহিলাদের আইনি সহায়তা দেয়া হয়েছে।"জয়িতা অন্বেষণেবাংলাদেশ" কর্মসূচির আওতায় প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে বিভাগ, জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে ৫টি ক্যাটাগরীতে ১৫ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। উদ্যোমী ও আগ্রহী নারীদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য সহায়তা প্রদান করা হয়েছে। আত্মনির্ভশীল করার লক্ষে দরিদ্র মহিলাদের মধ্যে ১৮ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। জেলা হতে বাল্যবিয়ে নিরোধে বিভিন্ন শ্রেণি পেশার জনগণকে নিয়ে সচেতনতা মূলক সভা সমাবেশ, সেমিনার আয়োজন করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাল্যবিবাহ প্রতিরোধ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ, লক্ষ্যভুক্ত সকল দুঃস্থ নারীকে প্রোগ্রামের অন্তর্ভুক্ত করতে না পারা, কর্মকর্তা ও কর্মচারীদের যুগোপযোগী প্রশিক্ষণের অভাব এবং মাঠ পর্যায়ে জনবলের অপ্রতুলতা অন্যতম প্রধান সমস্যা। প্রকৃত উপকারভোগী বাছাই এবং নারী উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় সাধন ও সহায়তা প্রদান এ অধিদপ্তরের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

লক্ষ্যভুক্ত দুস্থ নারী ও শিশুকে সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্ত ও ভাতার পরিমাণ বৃদ্ধিকরণ; প্রয়োজনীয় সংখ্যাক জনবল নিয়োগ এবং দক্ষতা বৃদ্ধি; জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১ বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা২০১৩ সংশোধন করে জাতীয় কর্মপরিকল্পনা-২০২০-৩০ প্রণয়ন ও বাস্তবায়ন; শিশু উন্নয়ন নীতি-২০১১ আলোকে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন; জাতীয় কিশোর-কিশোরী কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন; ২২ জুলাই ২০১৪ সালে লন্ডন গার্লস সামিটে প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র অঙ্গীকার বাস্তবায়ন এবং বাল্যবিবাহ নিরোধকল্পেজাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) অনুযায়ী বাংলাদেশে ২০২১ সালের মধ্যে ১৫ বছরের নিচে সকল শিশুর বাল্যবিবাহ নির্মূল এবং ১৫-১৮ বছর বয়সের মধ্যে বাল্যবিবাহের হার এক তৃতীয়াংশে হ্রাস এবং ২০৪১ সালের মধ্যে বাল্যবিবাহ সম্পূর্ণ নির্মূল করা; নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ; নারী ও শিশুদের মানসিক স্বাস্থ্য সুরক্ষায় মনো-সামাজিক কাউন্সিলিং জোরদারকরণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১। ২৯৮৭ জন নারীকে ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) সহায়তা প্রদান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ১০৯২ জনকে ভাতা প্রদান ও মনিটরিং
- ২। ৫ জন নারীকে ক্ষুদ্রঋণ প্রদান এবং নারীর ক্ষমতায়নে ৩৭০০ জন নারীকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান ও মনিটরিং
- ৩। বাল্যবিবাহের হার কমিয়ে আনার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও মনিটরিং

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ীয়া

এবং

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

অর্থনৈতিক কর্মকান্ডে নারীর ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তা করা, আইনি সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগ সৃষ্টি করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা প্রতিষ্ঠাকরা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী নিশ্চিতকরণ।
২. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।
৩. নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের খাদ্য সহায়তা প্রদান
২. ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের খাদ্য সহায়তা প্রদান মনিটরিং
৩. ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের উপকারভোগীদের ডাটাবেইজ তৈরী ও মনিটরিং
৪. মা ও শিশু সহায়তা উপকারভোগীদের ভাতা প্রদান
৫. মা ও শিশু সহায়তা উপকারভোগীদের ডাটাবেজ তৈরী
৬. নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান
৭. নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান মনিটরিং
৮. মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদান মনিটরিং
৯. মহিলাদের আত্মনির্ভরশীল করতে সেলাই মেশিন বিতরণ
১০. স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নবায়ন প্রদান
১১. জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচির মাধ্যমে শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন ও সংর্বধনা প্রদান
১২. ক্লাব প্রতিষ্ঠার মাধ্যমে কিশোর-কিশোরীদের নেতৃত্বের বিকাশ মনিটরিং
১৩. উপজেলার নারী ওশিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধে মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন
১৪. নির্যাতিত নারী ওশিশুকে আইনি সহায়তা প্রদান মনিটরিং
১৫. বাল্যবিবাহের হার কমিয়ে আনা এবং কমিটিসমূহের কাজের অগ্রগতি মনিটরিং
১৬. কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য হাইকোর্টের নীতিমালা বাস্তবায়নে গঠিত জেলা ও উপজেলা কমিটি কার্যকরীকরণ, নিয়মিত সভা ও ফলোআপ
১৭. কর্মজীবী মহিলাদের শিশুদের শিশু দিবাযত্ন কেন্দ্র পরিচালনা
১৮. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি
১৯. বিভিন্ন দিবস উদযাপন (,আন্তর্জাতিক নারী দিবস , বেগম রোকেয়া দিবস , নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ,মা দিবস , কন্যা দিবস ,)

২০. কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| ধ্যমে নারীদের দক্ষতা উন্নয়ন(এসডিজি ৫,৫) | প্রশিক্ষিণ প্রাপ্ত দক্ষ নারী | সংখ্যা | ৪৫০ | ৪৫০ | ২৫০ | ৩০০ | ৩০০ | উপজেলা প্রশসান, পৌরসভা,পুলিশ প্রশাসন, সমাজ সেবা অফিস, যুব উন্নয়ন অফিস, পরিবার পরিকল্পনা অফিস গণপূর্ত অফিস, স্কুল ও কলেজের প্রধান, এনজিও সংস্থা | প্রতিবেদন ও সংশ্লিষ্ট ওয়েবসাইট |
| ষ্টি এবং স্বাস্থ্য সুরক্ষা (৮ম পঞ্চ বার্ষিক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ৬ সালের মধ্যে ভিজিডি কর্মসূচিকে পরিবর্তিত না সহায়তা কর্মসূচিতে রুপান্তর করে র সংখ্যা ৩২ লাখে উন্নীত করা হবে। রুপান্তরিত ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা প্রতি বছর দ্ধি করা হবে) | ভিডব্লিউবি উপকারভোগী | সংখ্যা | ২৯৮৭ | ২৯৮৭ | ২৯৮৭ | ৩০৮৭ | ৩১৮৭ | উপজেলা প্রশসান, পৌরসভা,পুলিশ প্রশাসন, সমাজ সেবা অফিস, যুব উন্নয়ন অফিস, পরিবার পরিকল্পনা অফিস গণপূর্ত অফিস, স্কুল ও কলেজের প্রধান, এনজিও সংস্থা | প্রতিবেদন ও সংশ্লিষ্ট ওয়েবসাইট |
| ও শিশুদের আর্থিক সহায়তা বৃদ্ধি (এসডিজি পঞ্চ বার্ষিক পরিকল্পনা টেবিল এ ৬,১) | সুরক্ষিত নারী ও শিশু | সংখ্যা | ৭০ | ৭০ | ১০ | ১০ | ১০ | উপজেলা প্রশসান, পৌরসভা, সিভিল সার্জন,সমাজ সেবা অফিস, যুব উন্নয়ন অফিস, এনজিও সংস্থা | প্রতিবেদন |
| ষ্টি এবং স্বাস্থ্য সুরক্ষা (৮ম পঞ্চ বার্ষিক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ৬ সালের মধ্যে ল্যাকটেটিং ও মাতৃত্বকালীন করে মা ও শিশু সহায়তা কর্মসূচি চালু করা সালের মধ্যে ০-৪ বছর বয়সী শিশুদের ৫০% কে আওতায় নিয়ে আসা হবে। সমন্বিত র সংখ্যা ৬৫ লাখে উন্নীত করা হবে) | মা ও শিশু সহায়তা ভাতা উপকারভোগী | সংখ্যা | ০০ | ১০৯২ | ১৩০০ | ১৪০০ | ১৫০০ | উপজেলা প্রশসান, পৌরসভা,পুলিশ প্রশাসন, সমাজ সেবা অফিস, যুব উন্নয়ন অফিস, পরিবার পরিকল্পনা ও এনজিও | প্রতিবেদন ও সংশ্লিষ্ট ওয়েবসাইট |
| রোধ | বাল্য বিবাহ প্রতিরোধের হার | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সকর দপ্তর | প্রতিবেদন |

ovisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| ...নের | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ...কারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ...গ্নী ... | ২৫ | [১.১] ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম | [১.১.১] খাদ্য সহায়তা প্রাপ্ত ভিডব্লিউবি উপকারভোগী | সমষ্টি | সংখ্যা জন | ৫ | ২৯৮৭ | ২৯৮৭ | ২৯৮৭ | ২৯৮৫ | ২৯৮৩ | ২৯৮১ | ২৯৭৯ | ৩০৫০ | ৩১০০ |
| | | | [১.১.২] নতুন ডাটা বেইজকৃত ভিডাব্লিউভি উপকারভোগী | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৯৮৭ | ২৯৮৭ | ২৯৮৭ | ২৯৮৫ | ২৯৮৩ | ২৯৮১ | ২৯৭৯ | ৩০৫০ | ৩১০০ |
| | | | [১.১.৩] ভিডব্লিউবি খাদ্য বিতরণ সরেজমিন মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৪ | ২৪ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৪ | ২৪ |
| | | [১.২] মা ও শিশু সহায়তা কর্মসূচি | [১.২.১] মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগীদের ভাতা প্রদান | সমষ্টি | সংখ্যা জন | ৫ | ০০ | ১৭৭৯ | ২৬৮৬ | ২৪৮৬ | ২৩৮৬ | ২৩৩৬ | ২৩০৬ | ২৩০০ | ২৩৫০ |
| | | | [১.২.২] মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগীদের ডাটাবেইজ তৈরি | সমষ্টি | সংখ্যা | ৩ | ০০ | ১৭৮৬ | ৯০০ | ৭০০ | ৬০০ | ৫৫০ | ৫২০ | ২৩০০ | ২৩৫০ |
| | | | [১.২.৩] মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির কার্যক্রম সরেজমিন মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪ | ২৪ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৪ | ২৪ |

| পাদনের ত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ার ন ও | ২৫ | [২.১] নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] ভিডব্লিউবি উপকারভোগী প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৯৮৭ | ২৯৮৭ | ১০০০ | ৮০০ | ৭০০ | ৬৫০ | ৬২০ | ৩০৫০ | ৩১০০ |
| | | | [২.১.২] ভিডব্লিউবি উপকারভোগী প্রশিক্ষণ মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৪ | ২৪ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৪ | ২৪ |
| | | | [২.১.৩] মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির উপকারভোগী প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ১৭৮৬ | ৭০০ | ৫০০ | ৪০০ | ৩৫০ | ৩২০ | ২৩০০ | ২৪০০ |
| | | [২.২] মহিলাদের আত্ম-কর্মসম্পাদনের জন্য ক্ষুদ্রঋণ প্রদান মনিটরিং | [২.২.১] ক্ষুদ্রঋণ প্রাপ্ত উপকারভোগী | সমষ্টি | সংখ্যা জন | ২ | ২০ | ২০ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২০ | ২০ |
| | | [২.৩] মহিলাদের আত্মনিভরশীল করতে সেলাই মেশিন বিতরণ | [২.৩.১] সেলাই মেশিন প্রাপ্ত উপকারভোগী | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [২.৪] স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নবায়ন | [২.৪.১] নবায়নকৃত সমিতি/ নিবন্ধিত সমিতি | সমষ্টি | সংখ্যা | ৩ | ৯ | ৯ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ৯ |
| | | [২.৫] জয়িতা অন্বেষণে বাংলাদেশ | [২.৫.১] উপজেলা পর্যায়ে জয়িতা সম্বর্ধনা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [২.৬] সামাজিক কিশোর-কিশোরীদের সামাজিক সচেতনার লক্ষ্যে ক্লাবের অন্তর্ভুক্তি করণ | [২.৬.১] কিশোর কিশোরী | সমষ্টি | সংখ্যা জন | ২ | ৪২০ | ৪২০ | ৪২০ | ৪১৮ | ৪১৬ | ৪১৪ | ৪১২ | ৪২০ | ৪২০ |
| | | [২.৭] বিভিন্ন দিবস উদযাপন | [২.৭.১] দিবসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |

| ...পাদনের ...ত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ...াক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ...র প্রতি ...ণের ...। ... ও ...ধিকার ...রণ। | ১০ | [৩.১] নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির নিয়মিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | [৩.১.১] জেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] নিযাতিত নারী ও শিশুকে আইনি সহায়তা প্রদান। | [৩.২.১] আইনি সহায়তা প্রাপ্ত উপকারভোগী স্থানীয় ও কোর্টের মামলা ও তদন্ত সম্পন্ন | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম | [৩.৩.১] নারী ও শিশু নির্যাতন / বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪ | ২৪ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৪ | ২৪ |
| | | | [৩.৩.২] প্রতিরোধকৃত বাল্যবিবাহ | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.৪] কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য হাইকোর্টের নীতিমালা বাস্তবায়নে গঠিত জেলা কমিটি কার্যকরী করণ, নিয়মিত সভা ও ফলোআপ করণ | [৩.৪.১] কমিটির সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ৪ |

| পাদনের ত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| াক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ষ্ঠানিক া। | ১০ | [৪.১] উপজেলা মাসিক সমন্বয় সভা | [৪.১.১] জেলার / উপজেলায় সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সমষ্টি | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.২] কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.৩] যথাযথ ভাবে ডি-নথি কার্যক্রম | [৪.৩.১] উপজেলা যথাযথভাবে ডি-নথি সম্পন্ন | সমষ্টি | % | ৩ | ৮০ | ৮০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৮০ |

আমি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ীয়া, উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ হিসাবে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ীয়া-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৬/০৬/২৪

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,
ফুলবাড়ীয়া

তারিখ

Sultana

০৬/০৬/২৪

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ

তারিখ